

Press Release

Bangladesh Ambassador to the Sultanate of Oman presented credentials

Muscat, 18 October 2022



Ambassador of Bangladesh to the Sultanate of Oman H.E. Mr. Md. Nazmul Islam presented his credentials to His Majesty Sultan Haitham bin Tarik on 18 October 2022 at the Al Baraka Royal Palace in Muscat.

The ceremony commenced with a Guard of Honour by the Royal Guard of Oman and playing of national anthems of Bangladesh and the Sultanate of Oman followed by the presentation of the Letter of Credence to His Majesty the Sultan.

During the audience with His Majesty Sultan Haitham bin Tarik, the Ambassador conveyed warm greetings and best wishes of the Hon'ble President and the Hon'ble Prime Minister of Bangladesh to His Majesty. He also conveyed the invitation to His Majesty from the Hon'ble President and the Hon'ble Prime Minister to visit Bangladesh. Ambassador expressed his firm commitment to further enhance bilateral relations between the two brotherly countries during his tenure.

His Majesty Sultan Haitham bin Tarik congratulated Ambassador Mr. Md. Nazmul Islam for his new appointment and reciprocated His greetings to the Hon'ble President and the Hon'ble Prime Minister of Bangladesh. His Majesty accepted the invitation to visit Bangladesh and wished to

undertake the visit at a convenient time. His Majesty praised the role of Bangladeshi expatriate workers played in Oman. His Majesty also underscored on strengthening bilateral relations in other areas of mutual interest including Trade & Investments and assured the Ambassador His Majesty's Government's full support during his tenure.

The Ceremony concluded with Ambassador's signing the Guest Book at the Baraka Royal Palace.

প্রেস বিজ্ঞপ্তি

ওমান সালতানাতে নিযুক্ত বাংলাদেশের মান্যবর রাষ্ট্রদূত কর্তৃক ওমানের সুলতান এর নিকট লেটার অব ক্রেডেন্স পেশ

মাস্কাট, ১৮ অক্টোবর ২০২২

ওমান সালতানাতে নিযুক্ত বাংলাদেশের মান্যবর রাষ্ট্রদূত জনাব মোঃ নাজমুল ইসলাম ১৮ অক্টোবর ২০২২ তারিখে মাস্কাটের আল বারাকা রাজ প্রাসাদে ওমানের মহামহিম সুলতান হাইথাম বিন তারিক এর নিকট বাংলাদেশের মহামান্য রাষ্ট্রপতি কর্তৃক প্রদত্ত লেটার অব ক্রেডেন্স পেশ করেন।

এসময় ওমানের রাজকীয় গার্ড কর্তৃক মান্যবর রাষ্ট্রদূতকে গার্ড অব অনার প্রদান করা হয় এবং বাংলাদেশ ও ওমান সালতানাতে জাতীয় সঙ্গীত বাজানো হয়। পরে মান্যবর রাষ্ট্রদূত আনুষ্ঠানিকভাবে মহামহিম সুলতানের কাছে লেটার অব ক্রেডেন্স পেশ করেন।

মহামহিম সুলতানের সাথে সৌজন্য বৈঠকের সময়, মান্যবর রাষ্ট্রদূত বাংলাদেশের মহামান্য রাষ্ট্রপতি ও মাননীয় প্রধানমন্ত্রী এর পক্ষ থেকে মহামহিম সুলতান হাইথাম বিন তারিককে উষ্ণ শুভেচ্ছা ও শুভকামনা জানান এবং তাঁদের পক্ষ থেকে বাংলাদেশ সফরের আমন্ত্রণ পৌঁছে দেন। মান্যবর রাষ্ট্রদূত তাঁর মেয়াদে দুই ভ্রাতৃপ্রতিম দেশের মধ্যে দ্বিপাক্ষিক সম্পর্ক আরও জোরদার করতে কাজ করার দৃঢ় প্রতিজ্ঞা ব্যক্ত করেন।

মহামহিম সুলতান হাইথাম বিন তারিক মান্যবর রাষ্ট্রদূত জনাব মোঃ নাজমুল ইসলামকে তাঁর এই নতুন দায়িত্বভার গ্রহণের জন্য অভিনন্দন জানান। মহামহিম সুলতান বাংলাদেশের মহামান্য রাষ্ট্রপতি ও মাননীয় প্রধানমন্ত্রীকে তাঁর শুভেচ্ছা জ্ঞাপনের জন্য মান্যবর রাষ্ট্রদূতকে অনুরোধ করেন। তিনি মহামান্য রাষ্ট্রপতি ও মাননীয় প্রধানমন্ত্রীর বাংলাদেশ সফরের এই আমন্ত্রণ গ্রহণ করেন এবং সুবিধাজনক সময়ে সফরের ইচ্ছা ব্যক্ত করেন। এসময় তিনি দুদেশের মধ্যে বাণিজ্য, বিনিয়োগসহ ও দ্বিপাক্ষিক স্বার্থ সংশ্লিষ্ট অন্যান্য ক্ষেত্রে সম্পর্ক সুদৃঢ়করণের বিষয়ে আলোচনা করেন। তিনি মান্যবর রাষ্ট্রদূতকে ওমান সরকারের সর্বাত্মক সহযোগিতার আশ্বাস দেন।

অতিথি বইতে মান্যবর রাষ্ট্রদূতের স্বাক্ষরের মাধ্যমে অনুষ্ঠানের সমাপ্তি ঘটে।